

বাংলাদেশ



গেজেট

স্বাক্ষরিত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ২১, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা-নং ১৫

খগড়া বিজ্ঞপ্তি

ঢাকা, ৬ই জ্যৈষ্ঠ, ১৩৯৭/২১শে মে, ১৯৯০

নং এস, আর, ও ১৮৬-আইন/৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা ভূমি হুকুম দখল অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) “কমিশন” বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;

(খ) “সিলেকশন বোর্ড” বলিতে বিভাগীয় সিলেকশন বোর্ডকে বুঝাইবে;

(গ) “তফসিল” বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;

(ঘ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদে অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;

( ৪৩২৫ )

মুদ্রা: ৬০ পৃষ্ঠা

- (ঙ) “নির্দিষ্টকৃত পদ” বলিতে তকসিলে উল্লেখিত পদ বুঝাইবে;
- (চ) “শিক্ষাবিদগণ” বলিতে নির্দিষ্টকৃত পদে শিক্ষাবিদগণ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে;
- (ছ) “প্রয়োজনীয় যোগ্যতা” বলিতে তকসিলে বর্ণিত নির্দিষ্টকৃত পদের যোগ্যতা বুঝাইবে; এবং
- (জ) “স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড” বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধিমানার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তকসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন নির্দিষ্টকৃত পদে নিম্নবিস্তৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে:—

- (ক) পদোন্নতির মাধ্যমে;
- (খ) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং
- (গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তৎক্ষণা তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তকসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে এড-হক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বেচ্ছা বয়স সীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত নির্দিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) কমিশনের আওতা বহির্ভূত পদসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্টকৃত পদে কোনরূপ সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইন না হন; তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না;
- (খ) এহেন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নছেন।

(৪) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক ননোনীত কোন মেডিক্যাল অফিসার এই নর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈনিক বৈকল্যে ভুগিতেছেন না বাহা নির্দিষ্টকৃত পদের দারিদ্ৰ পালনে ব্যাধাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিকৃত উল্লেখিত কিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর নির্দিষ্টকৃত পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য বাছাইকৃত শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসির শিক্ষানবিসির মেয়াদ চালাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কমদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সে ক্ষেত্রে এই মেয়াদ পূর্তির পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

- (ব) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।
- (৩) শিক্ষানবিসির মেয়াদ, বধিত মেয়াদ থাকিলে, তাহা সত্ত্বে, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—
- (ক) যদি এই মনে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং
- (খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—
- (অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং
- (আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।
- (৪) কোন শিক্ষানবিসিকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ না করেন ও প্রশিক্ষণ গ্রহণ না করেন।

## তফসিল

ক্রমিক নং।	নির্দিষ্ট পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা।	নিয়োগের পদ্ধতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১	ভূমি হুকুম দফল অফিসার	..	বি, সি, এস (প্রঃ প্রঃ) ক্যাডারভুক্ত কর্মকর্তাদের প্রেমণে বদলির মাধ্যমে।	..
২	অতিরিক্ত ভূমি হুকুম দফল অফিসার বেতনক্রম টাকা ১৩৫০—২৭৫০ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	..	কানুনগোদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	কানুনগো হিসাবে ন্যূনতম ৭ বৎসরের চাকরী- কাল সম্পন্ন করিতে হইবে।
৩	কানুনগো বেতনক্রম টাকা: ৮৫০—১৭০০ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	১৮ বৎসর হইতে ২৭ বৎসরের মধ্যে।	সরাসরি নিয়োগ ও পদো- ন্নতির মাধ্যমে।	ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয় কর্তৃক ৩০-৭-৮৪ইং ও ৪-৬-৮৫ইং তারিখে জারীকৃত যথাক্রমে ৩৬৩-এল/৮৪/৪-৭৯ ও ২৪১- এল/৮৫/৪-২৯/৭৯নং বিজ্ঞপ্তিতে কানুনগো নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতা।
৪	উচ্চমান সহকারী বেতনক্রম টাকা: ৭৫০—১৫৫০ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	..	নিয়ুমান সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।	নিয়ুমান সহকারী হিসাবে ন্যূনতম ৫ বৎসরের চাকরীকাল সম্পন্ন করিতে হইবে।
৫	ড্রাকটসম্যান বেতনক্রম টাকা: ৭৫০—১৫৫০ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	১৮ বৎসর হইতে ২৭ বৎসরের মধ্যে।	সরাসরি নিয়োগের মাধ্যমে	ড্রাকটিং বিষয়ে সার্টিফিকেটসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

১	২	৩	৪	৫
৬	নিম্নমান সহকারী বেতনক্রম টা: ৭০০—১৪১৫ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	১৮ বৎসর হইতে ২৭ বৎসরের মধ্যে।	সরাসরি নিয়োগের মাধ্যমে	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ।
৭	মাজির-বনাম-ক্যানিয়ার বেতনক্রম টা: ৭০০—১৪১৫ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	ঐ	ঐ	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ। নির্ধারিত ছানামত দিতে হইবে।
৮	সার্ভেয়ার বেতনক্রম টা: ৭০০—১৪১৫ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	ঐ	ঐ	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ ও তৎসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সার্ভে বিষয়ে ডিপ্লোমা থাকিতে হইবে।
৯	টাইপিষ্ট বেতনক্রম টা: ৭০০—১৪১৫ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	ঐ	ঐ	বাংলা ও ইংরেজী টাইপ যথাক্রমে ২০ ও ৩০ শব্দ টাইপ করার দক্ষতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশ।
১০	হিয়ার রক্ষক বেতনক্রম টা: ৭০০—১৪১৫ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	ঐ	ঐ	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ।
১১	গাড়ী চালক বেতনক্রম টা: ৭০০—১৪১৫ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	ঐ	ঐ	অষ্টম শ্রেণী পর্যন্ত। গাড়ী চালনার লাইসেন্স- প্রাপ্ত, ন্যূনতম ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।
১২	ট্রিকার বেতনক্রম টা: ৬৫০—১২৮০ (সংশোধিত নূতন বেতন স্কেল, ১৯৮৫)	ঐ	ঐ	অন্যান্য বিষয়ের মধ্যে ড্রাইংসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশ।

১৩	বোম্বার বেতনক্রম টা: ৬০০—১১১০ (সংশোধিত নতুন বেতন স্কেল, ১৯৮৫)	ই	প্রসেস সার্ভিস হইতে পদোন্নতি নাধানে।	ই	প্রসেস সার্ভিস হিসাবে ন্যূনতম ৫ চাকুরীকাল সম্পন্ন করিতে হইবে।	বৎসরের
১৪	প্রসেস সার্ভিস বেতনক্রম টা: ৫৫০—৯৬৫ (সংশোধিত নতুন বেতন স্কেল, ১৯৮৫)	ই	চেইনম্যান হইতে পদো- ন্নতি নাধানে।	ই	চেইনম্যান হিসাবে ন্যূনতম ৩ বৎসরে চাকুরী- কাল সম্পন্ন করিতে হইবে।	চাকুরী-
১৫	চেইনম্যান বেতনক্রম টা: ৫০০—৮৬০ (সংশোধিত নতুন বেতন স্কেল, ১৯৮৫)	ই	সরাসরি নিরোগের মাধ্যমে	ই	অষ্টম শ্রেণী পাশ।	
১৬	এস, এল, এস, এস বেতনক্রম টা: ৫০০—৮৬০ (সংশোধিত নতুন বেতন স্কেল, ১৯৮৫)	ই	ই	ই	ই	
১৭	নৈশ প্রহরী বেতনক্রম টা: ৫০০—৮৬০ (সংশোধিত নতুন বেতন স্কেল, ১৯৮৫)	ই	ই	ই	ই	
১৮	স্বইপার বেতনক্রম টা: ৫০০—৮৬০ (সংশোধিত নতুন বেতন স্কেল, ১৯৮৫)	ই	ই	ই	অষ্টম শ্রেণী পাশ পেপাগত স্বইপার।	রাষ্ট্রপতির আদেশক্রমে এ. জেড, এন, নাটিকজি সচিব।

এই নির্দেশের রহমান, তেপুটি কবরোজার, বাংলাদেশ সরকারী মহকুমায়, ঢাকা কর্তৃক দৃষ্টিতে।  
কেন্দ্রিকর গ্রাম কর্তৃক করিম, তেপুটি কবরোজার, বাংলাদেশ সরকারী অফিস, তেজগাঁও, ঢাকা  
কর্তৃক প্রকাশিত।